

## ২য় অনুরোধ পত্র

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.১৪২.০১.১০৩.১৮-৬১

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৬ ব.  
০১ মার্চ, ২০২০ খ্রি.

বিষয় : মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন এনায়েতপুর ওয়েজিয়া দাখিল মাদ্রাসা পরিদর্শন প্রতিবেদনের ব্রডশীট জবাবের উপর টিএমইডি এর নির্দেশনা মোতাবেক ডিআইএ কর্তৃক অডিট আপত্তির প্রমাণক টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৩৭.০০.০০০০.১৪২.০১.১০৩.১৮.৩৬৪/৫৫৯, তারিখ: ১২.১১.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার কালকিনি উপজেলাধীন এনায়েতপুর ওয়েজিয়া দাখিল মাদ্রাসা-এর ডিআইএ কর্তৃক গত ৩০.০৪.২০১৬ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (ব্রডশীট জবাব প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর সিদ্ধান্ত দিয়ে টিএমইডি থেকে ডিজি, ডিএমই ও মাদ্রাসার সুপার-কে পত্র প্রেরণ করা হয়।

০২. এক্ষণে, উক্ত পত্রটি ১২.১১.২০১৮ খ্রি. তারিখে প্রেরণ করা হলেও টিএমইডি এর নির্দেশনা অনুযায়ী প্রমাণক অদ্যাবধি অত্র বিভাগে পাওয়া যায়নি যা সুস্পষ্ট দায়িত্বে অবহেলার সামিল। উল্লেখ্য যে, বারবার অনুরোধ সত্ত্বেও চাহিত তথ্য না পাওয়া দুঃখজনক।

০৩. এমতাবস্থায়, টিএমইডি এর নির্দেশনা অনুযায়ী চাহিত প্রমাণক টিএমইডি-তে প্রেরণ না করার কারণ ব্যাখ্যাসহ আগামী ১৫.০৩.২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রমাণক টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য ডিজি, ডিএমই/কে **২য় বারের মতো** নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



০২.০৩.২০  
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,  
রমনা, ঢাকা।

### অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. সুপার, এনায়েতপুর ওয়েজিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: কালকিনি, জেলা: মাদারীপুর।
০৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।